# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮৫৮

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৫. প্রথম অনুচ্ছেদ - নিষিদ্ধ বস্তু ক্রয়-বিক্রয়

بَابُ الْمَنْهِيِّ عَنْهَا مِنَ الْبُيُوْعِ

## আরবী

وَعنهُ قَالَ: نهى رَسُول الله عَن بيع فضل المَاء. رَوَاهُ مُسلم

## বাংলা

২৮৫৮-[২৫] উক্ত রাবী [জাবির (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রয়োজনের অতিরিক্ত পানি কাউকে দান করে, এর বিনিময় গ্রহণ করতে নিষেধ করেছেন। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৫৬৫, ইবনু মাজাহ ২৪৭৭, আহমাদ ১৪৬৩৯, সহীহ ইবনু হিব্বান ৪৯৫৩, সহীহ আল জামি‘ ৬৯৪২।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: উপরোক্ত দু’টি হাদীস থেকে জানা যায় যে, কোনো ব্যক্তির যদি প্রয়োজনের অতিরিক্ত পানি থাকে আর কেউ যদি উক্ত পানি নিজে এবং তার চতুস্পদ প্রাণীগুলোকে পান করানোর ইচ্ছা ব্যক্ত করে তবে তাকে পানি পান থেকে বাধা প্রদান করা নাজায়িয। কিন্তু সে যদি ক্ষেত-খামার বা খেজুর বাগানে পানি সেচ করতে চায় তবে মালিক পানির বিনিময়ে মূল্য গ্রহণ করলে তা বৈধ হবে। (মিরকাতুল মাফাতীহ ৬/৭৮,৭৯ পৃঃ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68185

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন